# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৩৬

পর্ব - ৮ঃ বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৩. মাহরানার বিবরণ - তালাকপ্রাপ্তাকে সাধ্যানুযায়ী ভরণ-পোষণ প্রদান করা শরীয়তসম্মত

আরবী

وَعَنْ عَائِشَةَ ـ رَضِيَ اللَّهُ عَنْهَا ـ أَنَّ عَمْرَةَ بِنْتَ الْجَوْنِ تَعَوَّذَتْ مِنْ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ حِينَ أُدْخِلَتْ عَلَيْهِ ـ تَعْنِي: لَمَّا تَزَوَّجَهَا ـ فَقَالَ: «لَقَدْ عُذْتِ بِمَعَاذٍ» , فَطَلَّقَهَا, وَأَمَرَ أُسَامَةَ فَمَتَّعَهَا بِثَلَاثَةِ أَثْوَابٍ. أَخْرَجَهُ ابْنُ مَاجَهْ, وَفِي إِسْنَادِهِ رَاوٍ مَتْرُوكٌ

منكر. رواه ابن ماجه (2037) من طريق عبيد القاسم، حدثنا هشام بن عروة، عن أبيه، عن عائشة، به. قلت: وآفته عبيد بن القاسم، وهو كذَّاب يضع الحديث. ولقد كان في الحديث التالي الصحيح غُنْيَة عنه، والله المستعان

বাংলা

১০৩৬। ’আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। আল-জাওন কন্যা ’আমরাহকে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট পেশ করা হলে সে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে (আল্লাহর) আশ্রয় প্রার্থনা করে। তিনি বলেন : তুমি এক মহান সত্তার নিকটই আশ্রয় প্রার্থনা করেছে। অতঃপর তিনি তাকে তিন তালাক দিলেন এবং উসামাহ (রাঃ)-কে নির্দেশ দিলে তদনুযায়ী তিনি তাকে (উপঢৌকনস্বরূপ) তিনখানা সাদা লম্বা কাপড় দেন। ইবনু মাজাহ; এর সানাদে একজন মাতরুক (পরিত্যক্ত) রাবী রয়েছে।[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ ২০৩৭, শাইখ আলবানী, যঈফ ইবনু মাজাহ ৩৯৫ গ্রন্থে বলেন, উসামার বর্ণনাটি মুনকার, আর আনাসের বর্ণনাটি فأمر أبا أسيد أن يجهزها শব্দে সহীহ। তিনি সহীহ ইবনু মাজাহ ১৬৭০ গ্রন্থে বলেন, فأمر أبا

أسيد أن يجهزها ويكسوها ثوبين رازقتين শব্দে সহীহ, তবে উসমাহ ও আনাসকে উল্লেখ করা মুনকার। ইবনু হাজার আসকালানী ফাতহুল বারী ৯/২৬৯ গ্রন্থে বলেন, এর সানাদে উবাইদ রয়েছে, সে মাতরুক। তিনি তাঁর আত-তালখীসুল হাবীর ৩/১২২ গ্রন্থে বলেন, এর মধ্যে উবাইদ ইবনুল কাসিম রয়েছে সে واهي (মারাত্মক দুর্বল)। আর জাওনিয়ার ঘটনা। সহীহ বুখারীতে বর্ণিত হয়েছে।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন ⎕ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70847

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন